তারিখ ... 09 OCT 2017
পৃষ্ঠা ...১৪... কলাম ...৬...

দৈনিক জনকণ্ঠ

জাতীয় বিশ্ববিদ্যালয়

# মাস্টার্স প্রফেশনাল ভর্তির সর্বশেষ রিলিজ স্লিপের মেধাতালিকা প্রকাশ

**স্টাফ রিপোর্টার, গাজীপুর ।** জাতীয় বিশ্ববিদ্যালয়ের মাস্টার্স প্রফেশনাল ভর্তির ২য় ও সর্বশেষ রিলিজ স্লিপের মেধাতালিকা রবিবার প্রকাশ করা হয়েছে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতরের পরিচালক (ভারপ্রাপ্ত) ফয়জুল করিম জানান, ২০১৭-১৮ শিক্ষাবর্ষের মাস্টার্স (প্রফেশনাল) ভর্তির কার্যক্রমে এলএলবি ১ম পর্ব/ পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন জার্নালিজম/ পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন লাইব্রেরি এন্ড ইনফরমেশন সায়েন্স/ এমএসসি ইন কম্পিউটার সায়েন্স/ মাস্টার অব বিজনেস এ্যাডমিনিস্ট্রেশন (এমবিএ)/ এমবিএ ইন এ্যাপারেল মার্চেন্ডাইজিং কোর্সসমূহের ২য় ও সর্বশেষ রিলিজ স্লিপের মেধা তালিকা রবিবার প্রকাশ করা হয়েছে। উক্ত ফল SMS এর মাধ্যমে যেকোন মোবাইল মেসেজ অপশনে গিয়ে (nu<space>atpm<space>roll no লিখে ১৬২২২ নম্বরে Send করে ওয়েবসাইটে www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions এ থেকে ফল জানা যাবে।